

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি

## খুলশী শাখা, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

# বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডি এইচ ইঞ্জিনিয়ারিং এড কনস্ট্রাকশন,মালিক জনাব মোঃ দেলোয়ার হোসেন,পিতা-মরহুম আব্দুল গফুর, মাতা-গোলাপ জাম,ব্যবসায়িক ঠিকানা-বাসা-১০৭,রোড নং-০৭, রেলওয়ে,আকবরশাহ,পাহাড়তলী,চউগ্রাম,বর্তমান ঠিকানা-আল-হেলাল জামে মসজিদ,পূর্ব দক্ষিণ বক্সনগর,হোভিং নং-১৪১/২৮,সারুলিয়া,ডেমরা,ঢাকা, স্থায়ী ঠিকানা-গ্রাম-সাকচিপাড়া,ডাকঘর-লোদপাড়া,থানা-হাজীগঞ্জ,জেলা-চাঁদপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি,খুলশী শাখা গৃহীত ঋণের জামানত হিসাবে তৃতীয়পক্ষ বন্ধকদাতা হিসাবে জনাব ইমতিয়াজ হাবিব, ঠিকানা-মা ভবন,৬৮ বাডেল রোড,পাথরঘাটা, ডাকঘর-জিপিও-৪০০০,থানা-কোতয়ালী,জেলা- চউগ্রাম-এর নিমে তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিতি স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালাতের আদেশ ছাড়াই উহা বিক্রিয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রিহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় ৩১/০৭/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৩,৮৬,১৪,১২৩.৫৯ (তিন কোটি ছিয়াশি লক্ষ চৌদ্দ হাজার এক শত তেইশ টাকা উনমাট পয়সা মাত্র) টাকা সহ অন্যান আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেভাদের নিকট হইতে নিম্নে বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহারকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

Schedule-A:	District- Chittagong, Police Station- Previous Doublemooring at present Bandar, Mouza- Goshaildanga, J.L. No. 3 (as
	per BS), Jurisdiction of Sadar Sub Registrar Office, Chittagong, R.S. Khation No. 773, R. S. Plot No.2015, 2018, P. S.
	Khatian No. $\frac{247}{345}$ , P. S. Plot No. 2222, B.S. Khatian No. 315, Previous B. S. Mutation Khatian No. 1116, 1207 B. S. Plot
	No. 2430 and All that piece and parcel of measuring 3.44 Satak or 3.44 Decimal land situated along with all rights,
	interests, title, easements etc and all kinds of facilities attached herewith.
Schedule-B:	District- Chittagong, Police Station- Previous Doublemooring at present Bandar, Mouza-Goshaildanga, J.L. No. 3 (as
	per BS), Jurisdiction of Sadar Sub Registrar Office, Chittagong, R.S. Khation No. 773, R. S. Plot No.2015, 2018, P. S.
	Khatian No. $\frac{345}{445/1}$ , P. S. Plot No. 2222, B.S. Khatian No. 655, Previous B. S. Mutation Khatian No. 655/1, 857, 1207 B.
	S. Plot No. 2429 and All that piece and parcel of measuring 1.06 Satak or 1.06 Decimal land situated along with all
	rights, interests, title, easements etc and all kinds of facilities attached herewith.
Schedule-C:	District- Chittagong, Police Station- Previous Doublemooring at present Bandar, Mouza- Goshaildanga, J.L. No. 3 (as
	per BS), Jurisdiction of Sadar Sub Registrar Office, Chittagong, R.S. Khation No. 775, 696, R. S. Plot No. 2013, 2020,
	2019, 2010, 2021, B.S. Khatian No. 44, Previous B. S. Mutation Khatian No. 44/1, 1053, 1207, B. S. Plot No. 2431 and All
	that piece and parcel of measuring 5.37 Satak or 5.37 Decimal land situated along with all rights, interests, title,
	easements etc and all kinds of facilities attached herewith.
Schedule-D:	District- Chittagong, Police Station- Previous Doublemooring at present Bandar, Mouza- Goshaildanga, J.L. No. 3 (as
	per BS), Jurisdiction of Sadar Sub Registrar Office, Chittagong, R.S. Khation No. 782, R.S. Plot No. 2011, 2012, 2014, P.
	S. Khatian No. 347, P. S. Plot No. 2224, 2225, 2226, B.S. Khatian No. 38, Previous B. S. Mutation Khatian No. 38/1,
	1207, B. S. Plot No. 2427 and All that piece and parcel of measuring 2.00 Satak or 2.00 Decimal land situated within
	along with all rights, interests, title, easements etc. and all kinds of facilities attached herewith.

Total area comprising schedule (A) + (B) + (C) + (D) covering B. S. Mutation khatian No. 1233, B.S. Plot No. 2427, 2431, 2429, 2430, total area of land 11.87 decimal or 11.87 Satak. Boundary of schedule (a)+(b)+(c)+(d) (As Per Valuation report)-On the North: Land of Nurul Alam and others, On the south: DT Road, On the East: 4 feet wide road then Misk Mark Tower, On the West: Land of Jaglul Pasha.

\_\_\_\_\_\_

#### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৮/০৮/২০২৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, খুলশী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে

- উহার ১০% এর সমপারিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানাত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, খুলশী শাখার অনুকুলে দরপত্র সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে, ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদ্য় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বেজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (8) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তির রেজিষ্ট্রি দালিলমুলে হস্তান্তর করিবেন।তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশান ফি, স্ট্যাম্প ডিউটি,বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ধ প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী,আধা-সরকারী,স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা,ডেসা/ডেসকো,গ্যাস সরবরাহাকারী প্রতিষ্ঠান,ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না এবং কম জামানত বা জামানত বিহীন দরপত্র/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হিসাবে গন্য হইবে।
- (৭) দরপত্রদাতা দরপত্রে কোন প্রকার শর্তারোপ করিতে পারিবে না এবং নিলাম বিক্রয় অনুষ্ঠান করা সম্ভব না হইলে তাহার জন্য কোন ক্ষতিপূরণ/সুদ প্রদান করা হইবে না।
- (৮) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান,স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রাহনযোগ্য হুইবে না।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।
- (১০) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, খুলশী শাখা, চট্টগ্রাম।